দৈনিক ইত্তেফাক

তারিখ 07 JUL 1998
পৃষ্ঠা ১ কলাম ৪

# প্রধানমন্ত্রীর সহিত বঙ্গবন্ধু মেডিক্যাল বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট সদস্যদের বৈঠক

**ইত্তেফাক রিপোর্ট** ॥ গতকাল (সোমবার) বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ডাঃ এম এ কাদেরীর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের

(১৫শ পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়

*(শেষ পৃঃ পর)*

সিন্ডিকেটের সদস্যবৃন্দ প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সহিত এক বৈঠকে মিলিত হন।

বৈঠকে ভিসি নূতন মেডিকেল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সমস্যা উল্লেখপূর্বক প্রধানমন্ত্রীকে একটি স্মারকলিপি পেশ করেন। বৈঠকে প্রধানমন্ত্রী বিশ্ববিদ্যালয়ের সকল বিষয়ে খোলাখুলিভাবে আলাপ করেন। চিকিৎসা, শিক্ষা, গবেষণা ও জনগণের জন্য উন্নত স্বাস্থ্যসেবা প্রদানের ব্যাপারে তিনি সম্পূর্ণ সহযোগিতার আশ্বাস প্রদান করেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, চিকিৎসক, নার্স, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য বিধি মোতাবেক প্রাপ্য সকল চলমান সুযোগ-সুবিধা বজায় রাখার ব্যাপারেও বৈঠকে আলোচনা করা হয়।

বৈঠকে উপস্থিত সিন্ডিকেট সদস্যবৃন্দ যথাক্রমে ঃ ডাঃ কাজী ইউসুফ এমপি, মিসেস মেহের আফরোজ, প্রফেসর মোঃ তাহির, প্রফেসর মাহমুদ হাসান, কাজী মেজবাহউদ্দীন ইকবাল, এজেই নাহার রহমান, প্রফেসর রশীদ-ই-মাহবুব, রশিদ উদ্দীন আহমেদ, ডাঃ কাজী শহীদুল আলম, ডাঃ সজল ব্যানার্জী, জাতীয় অধ্যাপক ডাঃ নূরুল ইসলাম, সৈয়দা ফিরোজা বেগম, ডাঃ শাহলা খাতুন, মুহাম্মদ মাহফুজুস সোবাহান, ডাঃ এবিএম আহসানউল্লাহ, ডাঃ মোস্তফা জালাল মহিউদ্দিন ও আবু আহমেদ চৌধুরী।